গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
ঘোড়াঘাট, দিনাজপুর।

স্মারক নং ২২৬৩.   তারিখঃ ৬/১১/২০২৪

## "ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি"

খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, সরবরাহ-১ শাখা, ঢাকা এর স্মারক নং ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০৫ তারিখ- ০৯.১০.২০২৪ খ্রি. মূলে জারীকৃত পরিপত্র ও ওএমএস নীতিমালা ২০২৪' মোতাবেক গত ২২.১০.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত ওএমএস কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ঘোড়াঘাট পৌরসভায় আগামী ০৫ (পাঁচ) বছর ওএমএস কার্যক্রম পরিচালনার জন্য নিম্নলিখিত স্থানের বিক্রয় কেন্দ্রে ডিলারশীপ পরিচালনার নিমিত্ত নতুন ডিলার নিয়োগ কল্পে ঘোড়াঘাট পৌরসভার প্রকৃত খাদ্যশস্য লাইসেন্স প্রাপ্ত ব্যক্তির নিকট হতে নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পৌরসভার নাম | বিক্রয় কেন্দ্রের নাম |
|---|---|---|
| ০১ | ঘোড়াঘাট | ওসমানপুর বাজার |
| ০২ | ঘোড়াঘাট | ঘোড়াঘাট পুরাতন বাজার |
| ০৩ | ঘোড়াঘাট | বাগেরহাট |
| ০৪ | ঘোড়াঘাট | নুরজাহানপুর সাময়িক কলনী উচ্চ বিদ্যালয় |
| ০৫ | ঘোড়াঘাট | টিএনটি মোড় |
| ০৬ | ঘোড়াঘাট | ঘোড়াঘাট বাসস্ট্যান্ড |

আবেদনকারীর যোগ্যতাঃ

১। আবেদনকারীকে জাতীয় পরিচয়পত্র অনুযায়ী বয়স ১৮ বছরের উর্দ্ধে বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং ঘোড়াঘাট পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২। আবেদনকারী যে বিক্রয় কেন্দ্রের ডিলার হতে আগ্রহী আবেদন পত্রে সেই বিক্রয় কেন্দ্রের স্থান উল্লেখ করতে হবে। একজন ব্যক্তি একাধিক কেন্দের জন্য অবেদন করতে পারবেন না।
৩। আবেদনকারীর পৌরসভার ট্রেড লাইসেন্স থাকতে হবে এবং খাদ্যশস্যর লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে।
৪। আবেদনকারীর কমপক্ষে ০৩ (তিন) মে.টন খাদ্যশস্য সংরক্ষনের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে।
৫। আবেদনকারীর মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে।
৬। আবেদনকারী ডিলার নিয়োগ হলে নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাকে/দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
৭। খাদ্য অধিদপ্তরের কোনো ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যে কোনো অনিয়মের কারণে ডিলারশিপ বাতিল হওয়া ব্যক্তি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
৮। খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোনো পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্যবান্ধব ডিলার হিসাবে কর্মরত কোনো ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলারের আবেদন করতে পারবেন না।
৯। প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
১০। কোনো ব্যক্তি ডিলারশিপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশিপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে। এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশিপ বাতিল হবে।
১১। আবেদনকারী অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিকস ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে।
১২। খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএসএস) নীতিমালা ২০১৫ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণ এ নীতিমালায় নতুনভাবে আবেদন করতে পারবেন। বিদ্যমান ডিলারদের মধ্যে কেউ বর্তমান নীতিমালা অনুযায়ী যোগ্য বিবেচিত হলে তাঁকে নতুন ডিলার হিসাবে তালিকাভুক্তির জন্য বিবেচনা করা যাবে। ডিলার হিসেবে মনোনীত হলে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা ফেরতযোগ্য জামানত পে-অর্ডার উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ঘোড়াঘাট, দিনাজপুর বরাবর জমা রাখতে হবে।
১৩। ওএমএস ডিলারশিপ প্রাপ্তির জন্য নিম্নস্বাক্ষকারীর দপ্তরে যোগাযোগ করে নির্ধারিত আবেদন ফরম (পরিশিষ্ট-খ) অনুযায়ী আবেদন ফরম সংগ্রহ করতে হবে। অফেরত যোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার খাদ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কোড ''১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯ অন্যান্য আদায়'' খাতে চালানের (এ চালান) মাধ্যমে জমা দিতে হবে। চালানের মূলকপি আবেদনের সাথে জমা দিতে হয়ে।
১৪। ওএমএস ডিলারশিপ প্রাপ্তির সাথে সাথে তফসিলি ব্যাংকে চালান মারফত নির্ধারিত ফি জমা করে ওএমএস লাইসেন্স গ্রহণ করতে হবে। উক্ত লাইসেন্স এর মেয়াদ হবে ০৫ (পাঁচ) বছর। প্রতি বছর ৩০ জুন এর মধ্যে নির্ধারিত ফি জমা করে লাইসেন্স নবায়ন করতে হবে।
১৫। আংশিক বা ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গন্য হবে।

আবেদনের সাথে নিম্নলিখিত ডকুমেন্টস এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

| | | | |
|---|---|---|---|
| ১। | পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি। | ৫। | দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি। |
| ২। | ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ। | ৬। | জাতীয় পরিচয়পত্রের ফটোকপি। |
| ৩। | পৌরসভার ট্রেড লাইসেন্স এর ফটোকপি। | ৭। | নাগরিত্ব সনদের ফটোকপি। |
| ৪। | খাদ্য বিভাগ কর্তৃক প্রদত্ত খাদ্যশস্যর লাইসেন্স এর ফটোকপি। | ৮। | অঙ্গীকার নামা। |

অগ্রহী ব্যক্তিগণকে আগামী ১৪.১১.২০২৪ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে বিক্রয় কেন্দ্রের নাম উল্লেখপূর্বক প্রয়োজনীয় ডকুমেন্টসহ উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঘোড়াঘাট, দিনাজপুর এ রক্ষিত বক্সে আবেদনপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ ওএমএস নীতিমালা ২০২৪ অনুসরণ করে এই বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো। সরকার প্রয়োজনবোধে এই নীতিমালার যে কোন শর্ত ও বিষয় পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন এবং সংযোজন করতে পারবে।

৬/১১/২৪

(মোঃ ইউনুস আলী মন্ডল)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও সদস্য সচিব
উপজেলা ওএমএস কমিটি
ঘোড়াঘাট, দিনাজপুর।

স্মারক নং-১৩.০৮.২৭৬৯.০০৩.৫৭.০২১.১১.১২৬৩ তারিখ:-০৬/১১/২০২৪ খ্রি.।

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে:

১। জেলা প্রশাসক, দিনাজপুর।

২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর।

৩। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা ওএমএস কমিটি, ঘোড়াঘাট, দিনাজপুর।

৪। উপজেলা কৃষি অফিসার ও সদস্য, উপজেলা ওএমএস কমিটি, ঘোড়াঘাট, দিনাজপুর।

৫। উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য, উপজেলা ওএমএস কমিটি, ঘোড়াঘাট, দিনাজপুর।

৬। উপজেলা পরিসংখ্যান অফিসার ও সদস্য, উপজেলা উপজেলা ওএমএস কমিটি, ঘোড়াঘাট, দিনাজপুর।

৭। উপজেলা শিক্ষা কর্মকর্তা ও সদস্য, উপজেলা উপজেলা ওএমএস কমিটি, ঘোড়াঘাট, দিনাজপুর।

৮। সভাপতি, প্রেস ক্লাব ও সদস্য, উপজেলা ওএমএস কমিটি, ঘোড়াঘাট, দিনাজপুর- বিজ্ঞপ্তিটি দৈনিক পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৯। চেয়ারম্যান, ইউনিয়ন ওএমএস কমিটি, (সকল) ইউপি, ঘোড়াঘাট, দিনাজপুর- বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো ।

১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, রানীগঞ্জ এলএসডি/হরিপাড়াহাট এলএসডি/ঘোড়াঘাট এলএসডি/ডুগডুগী এলএসডি, ঘোড়াঘাট, দিনাজপুর- বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো ।

১১। নোটিশ বোর্ড।

১২। ওয়েবপোর্টাল।

১৩। অফিস নথি।

(মো. ইউনুস আলী মন্ডল)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ঘোড়াঘাট, দিনাজপুর।